

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকে সালাত আদায় করার জন্য সামনে এগিয়ে দেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশে; নিজের পক্ষ থেকে নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ بِلَالًا قَدَّمَ أَبَا بَكْرٍ لِيُصَلِّيَ بِهِمْ هَذِهِ الصَّلَاةَ بِأَمْرِ الْمُصَطْفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا مِنْ تِلْقَاءِ نَفْسِهِ

আরবী

2258 ـ أَخْبِرَنَا أَحْمَدُ بِنْ عَلِيّ بِنِ الْمُثَنَّى حَدَّثَنَا خَلَفُ بِنُ هِشَامٍ الْبَزَّارُ حَدَّثَنَا حَمَّادُ بِنُ رَيْدٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بِنِ سَعْدِ قَالَ: كَانَ قِتَالٌ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْفَ فَأَتَاهُمُ اللّهَبِيُّ صَلَّى الظُّهْرَ فَقَالَ لِبِلَالِ: (إِنْ حَضَرَت النّبِيُّ صَلَّى الظَّهْرَ فَقَالَ لِبِلَالِ: (إِنْ حَضَرَت صَلَاةُ الْعَصْرِ أَذَّنَ صَلَاةُ الْعَصْرِ وَلَمْ آتِ فَمُرْ أَبَا بَكْرٍ فليصلِّ بِالنَّاسِ) فَلَمَّا حَضَرَتْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسُ صَفَّحوا قَالَ: وَكَانَ يَشُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسُ صَفَّحوا قَالَ: وَكَانَ يَشُونُ الْمَثُوفَ فَلَمَّا رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَعْفِيحَ لَا يُمْسَكُ عَنْهُ الْتَقَتَ فَرَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَثِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَثَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُنْ الْمِن أَبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَصْرِ الْمَنْ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ أَنْ الْمَنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَنْ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسَلِّي بِالْقَوْمِ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَا الله عَلْهُ وَسَلَّمَ الْمُعْنَى اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ الْمُعْنَى اللَّهُ عَلَيْهُ وَسُلَمَ الْمُعْنَى اللَّهُ عَلَيْهُ وَاللهَ عَلَيْهُ وَسَلَمَ الْمُؤْتُ الْمَنْ الْمُعْنَى اللَّهُ عَلَيْهُ وَسُلَمَ اللهُ عَلَيْهُ وَلَا اللهُ عَلْهُ وَلَا اللّهُ عَلْهُ وَلَا اللّهُ عَلْهُ وَلَا اللّهُ عَلَيْهُ وَلَا اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ وَلَا اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ وَلَى اللّهُ عَلَيْهُ وَلَا اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ وَلَا اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ وَلَا اللّهُ ع

الراوي: سَهْل بْن سَعْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان



الصفحة أو الرقم: 2258 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيح)) ـ أيضاً ـ (869): خ, دون قوله لبلال: ((وإن حضرت الصلاة فليصل بالناس)).

বাংলা

২২৫৮. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "বানী আমর বিন আওফ গোত্রের মাঝে বিবাদ ছিল, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে যান, তাদের সেই বিবাদের মীমাংসা করার জন্য। এসময় তিনি যোহরের সালাত আদায় করেছেন। অতঃপর তিনি বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে বলেন, "যদি আসরের সালাতের সময় হয়, আর আমি না আসি, তবে তুমি আবূ বকর রাদ্বিয়াল্লান্থ আনহুকে আদেশ করবে, তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন।" অতঃপর আসরের সালাতের সময় হলে বিলাল রাদ্বিয়াল্লাহ আনহু আযান ও ইকামত দেন এবং বলেন, "হে আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু, সামনে অগ্রসর হোন।" অতঃপর আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু সামনে অগ্রসর হন। এসময় রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাতার ফাঁড়ি দিয়ে (প্রথম কাতারে) আসেন। যখন লোকজন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেন, তখন তারা করতালি দেওয়া শুরু করেন। আর আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সালাতে শুরু করলে, এদিক-ওদিক তাকাতেন না। কিন্তু যখন দেখলেন যে করতালি দেওয়া থামছে না, তখন তিনি পিছনে তাকান এবং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পিছনে দেখতে পান, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইশারায় বলেন, 'আপনি আপনার সালাত অব্যাহত রাখুন।" অতঃপর তিনি কিছুক্ষন অবস্থান করেন, এবং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে আদেশ করেছেন, "আপনি আপনার সালাত অব্যাহত রাখুন" এজন্য তিনি আল্লাহর প্রশংসা করেন। অতঃপর তিনি পিছনে ফিরে আসেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সেটা দেখলেন, তখন সামনে অগ্রসর হন এবং লোকদের নিয়ে সালাত আদায় করেন। অতঃপর যখন সালাত শেষ করেন, তখন বলেন, "হে আবু বকর, যখন আমি আপনাকে ইশারা করলাম, তখন আপনাকে সালাত অব্যাহত রাখতে কীসে বারণ করলো?" আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আবৃ কুহাফার বেটার এই অধিকার নেই যে, সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইমামতি করবে!" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের বলেন, "তোমাদের কারো সালাতে কোন কিছু আরোপিত হবে, তখন পুরুষরা যেন 'সুবহানাল্লাহ' বলে আর নারীরা যেন করতালি দেয়।"[1]

ফুটনোট

[1] তাবারানী: ৫৯৩২; মুসনাদ আহমাদ: ৫/৩৩২; সহীহ আল বুখারী: ৭১৯০; আবূ দাউদ: ৯৪১; নাসাঈ: ২/৮২-৮৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২২৫৭)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন